অনুবাদ।

তারিখ ২৪/৮/৬৯

পৃষ্ঠা ... কলাম ...

# পাবনা সরকারী এড ওয়ার্ড কলেজের দুর্দশা

উত্তরবঙ্গের খ্যাতনামা পাবনা সরকারী এড ওয়ার্ড মহাবিদ্যালয় আজ বিভিন্ন সমস্যায় জর্জরিত। এমহাবিদ্যালয়ে শিক্ষকের অভাব ছাত্র-ছাত্রীদের মনে দারুণ হতাশার সৃষ্টি করেছে। বিভিন্ন বিভাগে অনির্দিষ্ট সময় ধরে শিক্ষকের পদ শূন্য পড়ে রয়েছে।

এ ব্যাপারে অধ্যক্ষ সাহেবের জবাব এসব দায়িত্ব ডি, পি, আই কর্তৃপক্ষের অতএব আমাদের কিছু করার নেই।" ছাত্রাবাসের অবস্থা খুবই করুণ এবং ছাত্রাবাসের আসন সংখ্যা প্রয়োজনের তুলনায় নিতান্তই নগণ্য। লাইব্রেরীতে বইয়ের সংখ্যা খুবই অল্প। ছাত্র-ছাত্রীদের কমনরুমগুলি "নেই মামার চেয়ে কানা মামাই ভালো" রূপেই দীর্ঘকাল বিরাজ করছে। কিন্তু কর্তৃপক্ষের এদিকে একটুও নজর নেই। অপরদিকে রয়েছে কতিপয় শিক্ষকের কর্তব্যে অবহেলা এবং নিজেদের মধ্যে গ্রুপিং। পড়ানোর বদলে ব্যক্তিগত কাজে বেশী ব্যস্ত থাকার দরুন ছাত্র-ছাত্রীরা প্রতিদিনই দু একটা ক্লাস থেকে বঞ্চিত হচ্ছে। আবার শিক্ষকের স্বল্পতাহেতু কতিপয় শ্রদ্ধেয় শিক্ষককে বইতে হচ্ছে অতিরিক্ত ক্লাসের বোঝা।

এ অবস্থায় আমরা মাননীয় অস্থায়ী রাষ্ট্রপতি এবং ডি, পি, আর সাহেবের নিকট কলেজটির বর্তমান দৈন্যদশা দূর করে এই শিক্ষা প্রতিষ্ঠানটির ঐতিহ্য রক্ষা করার জন্য আবেদন জানাচ্ছি।

ছাত্র-ছাত্রীদের পক্ষে--

সরোয়ার বিন করিম খান, মধুমিতা মৈত্র, মনিরুজ্জামান চৌধুরী, প্রগতি রানী দাস।